



No. : \_\_\_\_\_

Date : \_\_\_\_\_

**558-353/MOP/Singur/SB/2021**


**03.08.2021**

## নোটিস

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে, আগামি ১২.০৮.২০২১ তারিখে সকাল ১০.০০ টায় সিঙ্গুর তাপসী মালিক কৃষক বাজারের পুকুরে চাষ করা মাছ নিলামে বিক্রয় করা হবে। আগ্রহী ব্যক্তিগণ নিলামে অংশ গ্রহন করতে পারেন।

গুরুত্বপূর্ণ শর্তাবলিঃ

১. পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরের প্রজাতি অনুযায়ী নির্ধারিত মূল্য মাছের ন্যূনতম নিলাম মূল্য বিবেচিত হবে।
২. সর্বোচ্চ দাম দাতাকে সমগ্র পরিমাণ মাছ এক লপ্তে ক্রয় করতে হবে।
৩. লোডিং এবং ট্রান্সপোর্টেশন এর দায় ক্রেতাকে বহন করতে হবে।
৪. সিঙ্গুর তাপসী মালিক কৃষক বাজারের সরকারি ওজন মাপক যন্ত্রে মাছ পরিমাপ করা হবে।
৫. নিলামে অংশগ্রহণ করার জন্য ১০০০/- টাকা এবং নিজ পরিচয় পত্র (আধার কার্ড বা প্যান কার্ড বা ভোটার কার্ড এর জেরক্স) নিলাম স্থলে উপস্থিত আধিকারিকগণের কাছে জমা রাখতে হবে।
৬. নিলাম সমাপ্ত হবার ১ ঘণ্টার মধ্যে নিলামে বিজয়ী অংশগ্রহণকারীকে ১০,০০০ টাকা অগ্রিম হিসাবে নগদে অথবা ডিম্যান্ড ড্রাফট -এ জমা দিতে হবে। অন্যথায় নিলামে জমাকৃত ১০০০/- টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তার প্রদেয় রেট বাতিল বলে গণ্য হবে। পরবর্তী ১ ঘণ্টার মধ্যে নিলামে বিক্রিত মাছ নিলামে বিজয়ী অংশগ্রহণকারীকে নিজস্ব খরচে সিঙ্গুর তাপসী মালিক কৃষক বাজারস্থিত পুকুর থেকে সমগ্র মাছ ধরে, ওজন করে এবং নিলামে নির্ধারিত দাম অনুযায়ী মোট মূল্য বাবদ বাকি অর্থ নগদে অথবা ডিম্যান্ড ড্রাফট -এ প্রদান করে সরিয়ে নিতে হবে।
৭. নিলামে মাছের কেজি প্রতি সর্বনিম্ন মূল্য প্রজাতি অনুযায়ী পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য দপ্তরের নির্ধারিত মূল্য অনুযায়ী হবে।
৮. নিলামে অংশগ্রহণ করার জন্য নাম নথিভুক্তিকরণের সময়সীমা সকাল ১০.০০ টা থেকে সকাল ১০.৩০ পর্যন্ত।
৯. নিলাম সমাপ্ত হবার পর মাছের গুণগত মান, পরিমাপ ইত্যাদি সংক্রান্ত কোন অভিযোগ করা যাবে না।
১০. নিলামে অংশগ্রহণকারীদের কোভিড বিধি মেনে চলতে হবে।
১১. প্রকল্প অধিকর্তা, সুফল বাংলা যে কোন সময় বিনা নোটিসে নিলাম প্রক্রিয়াকে স্থগিত রাখতে পারেন, বাতিল করতে পারেন, নিলামের দিন বা/এবং সময় পিছিয়ে দিতে পারেন বা যে কোন পরিবর্তন আনতে পারবেন।
১. নিলামের বিষয়ে উপস্থিত আধিকারিকগণের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এগুলি ছাড়া অন্যান্য শর্তাবলিও প্রয়োজন অনুযায়ী প্রযোজ্য হতে পারে।

  
প্রকল্প অধিকর্তা,  
সুফল বাংলা